গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০০০.০১১.০২.০০০১.২৬.৪৭৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩ / ২০ সেপ্টেম্বর ২০২৬

পরিপত্র

বিষয়: ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের মাঠ পর্যায়ে পদায়ন/বদলি/সংযুক্তির নীতিমালা।

সূত্র : (১) ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর : ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৮৪, তারিখ : ০৪-০৩-২০২৪ খ্রি.
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর : ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০০৮.২৬.৫৯৮, তারিখ : ১৭-০৯-২০২৬ খ্রি.
(৩) ভূমি মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর : ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৯৫৫, তারিখ : ১০-১০-২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারক, পরিপত্র এবং ভূমি সংস্কার বোর্ড বিধিমালা-২০০৫ বিধি-বিধানের আলোকে ভূমি ব্যবস্থাপনায় জবাবদিহিতা, স্বচ্ছতা এবং দক্ষতার সাথে সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের Personnel Management এর অংশ হিসেবে বদলি/পদায়ন/মাঠ পর্যায়ে সংযুক্তি প্রদানে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে:

(ক) ভূমি মন্ত্রণালয়ের নির্দেশনার (সূত্র-১) আলোকে উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের আন্ত:বিভাগীয় বদলি/পদায়ন ভূমি সংস্কার বোর্ডের; উপসহকারী প্রকৌশলী ও কানুনগো পদে আন্ত:জেলা/উপজেলা বদলি/পদায়ন সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের; সার্ভেয়ার পদে আন্ত:জেলা বদলি/পদায়ন সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের এবং সার্ভেয়ার পদে একই জেলার মধ্যে বদলি/পদায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে এখতিয়ার প্রদান করা হয়েছে;

(খ) উপজেলা ও জেলা পর্যায় হতে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা (সহকারী কমিশনার (ভূমি)/জেলা প্রশাসক) কর্তৃক আন্ত:বিভাগীয় বদলি/পদায়নের প্রস্তাব সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নিকট অগ্রায়নের মাধ্যমে ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে। এক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষরসহ সংশ্লিষ্ট কর্মচারীর চাকরীকালীন পূর্ণাঙ্গ সার্ভিস রেকর্ড এবং সংশ্লিষ্ট পদের অনুমোদিত সংখ্যা, কর্মরতদের সংখ্যা এবং শূন্য পদের সংখ্যা প্রেরণ করতে হবে। তাছাড়া বদলি প্রস্তাবের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে বদলি আদেশ করা হলে উক্ত শূন্য পদে পদায়নের জন্য পদক্ষেপ গ্রহণপূর্বক পরবর্তিতে ভূমি সংস্কার বোর্ডে অবহিত করতে হবে;

(গ) উপসহকারী প্রকৌশলী, কানুনগো/সার্ভেয়ারদের আন্ত:বিভাগীয় বদলির ক্ষেত্রে কোনো কর্মকর্তা/কর্মচারীর পক্ষে অন্য কোনো ব্যক্তি/ব্যক্তিবর্গ কর্তৃক চাকরি সংক্রান্ত কোনো বিষয়ে অনাকাঙ্ক্ষিত তদবির করা হলে ঐ কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর বিধি-২০ এর সুস্পষ্ট লঙ্ঘন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) অনুযায়ী অসদাচরণের শামিল (সূত্রোক্ত-২ ও ৩);

(ঘ) উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ার পদে পদায়নকৃত কর্মস্থলে সাধারণত: চাকরিকাল সর্বোচ্চ ৩ (তিন) বছর হবে। তবে প্রশাসনিক কাজের প্রয়োজনে যৌক্তিকতার ভিত্তিতে পদায়নের মেয়াদ কাল বেশি/কম হতে পারে তবে তা ৪ (চার) বছরের বেশি হওয়া যথার্থ হবে না;

(ঙ) উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের কোনো স্পাউজ সরকারি/বেসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে বা সরকার অনুমোদিত কোন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে চাকরিরত থাকলে স্পাউজের চাকরির বিষয়সহ ভূমি সেবা প্রদানে বিঘ্ন সৃষ্টি হবে না মর্মে বিবেচনাক্রমে একই কর্মস্থলে/নিকটবর্তী কর্মস্থলে বদলি/পদায়ন করা যেতে পারে;

(চ) সৎ, দক্ষ, যোগ্য, উদ্যমী এবং বিশেষ ক্ষেত্রে (যেমন: আশু চিকিৎসা/অবসর গ্রহণ সমাগত) কর্মকর্তাদের বদলির বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে;

(ছ) উন্নয়ন প্রকল্পে সংযুক্তিতে কর্মরত কর্মকর্তাদের প্রকল্প চলাকালীন সময়ে অন্যত্র পদায়ন যথাসম্ভব পরিহার করা যেতে পারে;

(জ) উপসহকারী প্রকৌশলী, কানুনগো ও সার্ভেয়ারদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের প্রাথমিক ভিত্তি থাকলে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণপূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে। যদি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর এবং প্রাথমিক সত্যতা পাওয়া যায়, তবে তাঁকে জরুরীভিত্তিতে অন্যত্র বদলি করতে হবে;

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

(ঝ) সার্ভেয়ার হতে পদোন্নতি প্রাপ্ত কানুনগোকে পূর্বতন কর্মস্থলে (সার্ভেয়ার হিসেবে কর্মরত কর্মস্থলে) পদায়ন করা যাবে না;

(ঞ) উপসহকারী প্রকৌশলী/কানুনগো/সার্ভেয়ারের নতুন পদায়নের সাথে সাথে সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ট) আন্ত:বিভাগ বদলি করার ক্ষেত্রে শারীরিক অসুস্থতা অথবা নৈতিক স্খলনজনিত অথবা যুক্তিসঙ্গত প্রশাসনিক কারণে নির্ধারিত সময়ের পূর্বে কোন কর্মচারীকে উপর্যুক্ত এখতিয়ারের ভিত্তিতে 'খ' অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণক্রমে বদলি/পদায়নের প্রস্তাব ভূমি সংস্কার বোর্ডে অগ্রায়ন করা যেতে পারে;

(ঠ) প্রশাসনিক প্রয়োজনে ভূমি সংস্কার বোর্ড যে কোনো আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

২০/০৯/২৬

(মোহাং শওকত রশীদ চৌধুরী)
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন নং- ০২-৪১০১০৪৪৩
ই-মেইল-chairman@lrb.gov.bd

বিতরণ :

(০১-০৮) বিভাগীয় কমিশনার ,..... (সকল)

(০৯-৭২) জেলা প্রশাসক, ... (সকল)

স্মারক নং- ৩১.০২.০০০০.০০০.০১১.৩৩.০০০১.২৬.৪৭৬(৩৬)/১

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩ / ২০ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে : (জ্যেষ্ঠতা ভিত্তিতে নয়)

০১-০২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, ঢাকা।
০৬. মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।
০৭-০৮. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৯. অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০-১৩. উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
১৪-২২. উপ-ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
২৩-২৪. ম্যানেজার, কোর্ট অব ওয়ার্ডস: ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
২৫. মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৭. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৮-৩৪. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩৫. সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা (ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩৬. অফিস কপি/মাস্টার কপি।

২০/০৯/২৬

(সাবরিনা সুলতানা)
সহকারী ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৪১০১০৪৫২
ই-মেইল- alrc1@lrb.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
মাঠ প্রশাসন-১ অধিশাখা
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৬৮৪

তারিখ: ২৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / ০৪ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

পরিপত্র

ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ের ৯ম-২০তম গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের শৃঙ্খলা ও প্রশাসনিক ব্যবস্থাপনা বিষয়ে পূর্ববর্তী সকল আদেশ বাতিলপূর্বক নিম্নরূপভাবে ক্ষমতা অর্পণ করা হলো:

ক্রম	গ্রেড	পদ	কার্যক্রম	কর্তৃপক্ষ	আপীল কর্তৃপক্ষ
১.	৯ম গ্রেড	অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা	পদোন্নতির মাধ্যমে নিয়োগ	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়	
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়	মাননীয় প্রধানমন্ত্রী
			বদলি, ভবিষ্য তহবিল, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, পিআরএল, পেনশন, প্রান্তিবিনোদন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণসহ অন্যান্য বিষয়াদি	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়	
২.	১০ম গ্রেড	উপসহকারী প্রকৌশলী ও কানুনগো	সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
			আন্তঃবিভাগ বদলি	ভূমি সংস্কার বোর্ড	
			বিভাগের মধ্যে জেলা ও উপজেলায় বদলি	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			বহিঃবাংলাদেশ ছুটি, প্রান্তিবিনোদন ছুটি, ভবিষ্য তহবিল	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			ভবিষ্য তহবিল থেকে চূড়ান্ত উত্তোলন, পিআরএল পেনশন, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, চাকুরি স্থায়ীকরণ, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণসহ অন্যান্য বিষয়াদি	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	
৩.	১১ ও ১২ গ্রেড	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা	ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদে পদোন্নতি		
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
			আন্ত: জেলা বদলি	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			একই জেলার মধ্যে বদলি	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	
			চাকুরি স্থায়ীকরণ, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ, প্রান্তিবিনোদন ছুটি, ভবিষ্য তহবিল, পিআরএল, পেনশন, বহিঃবাংলাদেশ ছুটিসহ অন্যান্য বিষয়াদি	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
৪.	১৪ গ্রেড	সার্ভেয়ার	সরাসরি নিয়োগ	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	

"জাতিসংঘ পাবলিক সার্ভিস দিবস ২০২০"-এ ভূমি মন্ত্রণালয় ভূষিত

ক্রম	গ্রেড	পদ	কার্যক্রম	কর্তৃপক্ষ	আপীল কর্তৃপক্ষ
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
			আন্তঃবিভাগ বদলি	ভূমি সংস্কার বোর্ড	
			আন্তঃ জেলা বদলি	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			একই জেলার মধ্যে বদলি	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	
			চাকুরি স্থায়ীকরণ, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, ভবিষ্য তহবিল থেকে চূড়ান্ত উত্তোলন, পিআরএল, পেনশন	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	
			ভবিষ্য তহবিল, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ, শ্রান্তিবিনোদন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটিসহ অন্যান্য বিষয়াদি	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
৫.	১৪-১৬ গ্রেড	ব্যবস্থাপনা বিভাগের হেড এ্যাসিস্ট্যান্ট কাম একাউন্ট্যান্টসহ অন্যান্য কর্মচারী	সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
			চাকরি স্থায়ীকরণ, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, পিআরএল, পেনশন, ভবিষ্য তহবিলের চূড়ান্ত উত্তোলন	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	
			একই জেলার মধ্যে বদলি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ, বহিঃবাংলাদেশ ছুটি, শ্রান্তিবিনোদন ছুটি, ভবিষ্য তহবিলসহ অন্যান্য বিষয়াদি	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	
৬.	১৭-২০ গ্রেড	ব্যবস্থাপনা বিভাগের মেসহারায়, প্রসেস সার্ভার/ডারিংস্যাফ, চেইনম্যান, অফিস সহায়কসহ অন্যান্য কর্মচারী	সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ, চাকরি স্থায়ীকরণ, দক্ষতাসীমা অতিক্রম, উচ্চতর গ্রেড, শ্রান্তিবিনোদন ছুটি, বহিঃবাংলাদেশ ছুটি, বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংরক্ষণ, ভবিষ্য তহবিল, পিআরএল, পেনশন ইত্যাদি	বিভাগীয় কমিশনার অফিসে কর্মরতদের ক্ষেত্রে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকের অধীনে কর্মরতদের ক্ষেত্রে জেলা প্রশাসক	
			শৃঙ্খলাজনিত কার্যক্রম (জেলা প্রশাসকের অধীনে কর্মরতদের ক্ষেত্রে)	জেলা প্রশাসক	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার
			শৃঙ্খলাজনিত কার্যক্রম (বিভাগীয় কমিশনার অফিসে কর্মরতদের ক্ষেত্রে)	সংশ্লিষ্ট অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার
			জেলা প্রশাসকের অধীনে কর্মরতদের ক্ষেত্রে একই জেলার মধ্যে বদলি	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	

(২) প্রশাসনিক প্রয়োজনে মন্ত্রণালয় যেকোন আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

(৩) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

০৪/৪/২০২৪

(মোঃ খলিলুর রহমান)
সচিব
ভূমি মন্ত্রণালয়
ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,
ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪
ই-মেইল: secretary@minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.

তারিখ: চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ / মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ভূমি আপীল বোর্ড, ঢাকা।

"জাতিসংঘ পাবলিক সার্ভিস দিবস ২০২০"-এ ভূমি মন্ত্রণালয় ভূষিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪১৬.৯৯.০০০৮.২৬.৫৯৮

তারিখ: ০২ আশ্বিন ১৪৩৩ / ১৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ যথাযথ প্রতিপালন।

সরকারি কর্মচারীগণ কী ধরনের আচরণ করবেন তা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এ সংশ্লিষ্ট বিধিসমূহে বিধৃত করা হয়েছে।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সরকারি কর্মচারীগণের কারো কারো পক্ষে তাদের চাকরি সংক্রান্ত নানাবিধ **তদবির** করার জন্য বিভিন্ন পর্যায়ের ব্যক্তি/ব্যক্তিবর্গ বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার দ্বারস্থ হচ্ছেন, যা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর বিধি ২০-এর সুস্পষ্ট লঙ্ঘন এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ২(খ) অনুযায়ী অসদাচরণের শামিল।

৩। কোনো সরকারি কর্মচারী তার পক্ষে অন্য কোনো ব্যক্তি/ব্যক্তিবর্গের দ্বারা চাকরি সংক্রান্ত কোনো বিষয়ে অনাকাঙ্ক্ষিত **তদবির** করলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ ধরনের যে কোনো **তদবিরের** বিষয়টি বিস্তারিত ডোসিয়ারে সংরক্ষণ করতে হবে।

৪। তবে কোনো কর্মচারী তার চাকরি সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষ বরাবরে যে কোনো আবেদন দাখিল করতে পারবেন। নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষ উক্ত আবেদন সর্বোচ্চ এক মাসের মধ্যে যৌক্তিকভাবে নিষ্পত্তি করবেন।

৫। এমতাবস্থায়, এ বিষয়ে স্ব স্ব নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাকে নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭/০৯/২৬

(তানিয়া আফরোজ)
উপসচিব
ফোন: ০২-২২৬৬৪১০৪৮
general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩। কমিশনার (সকল বিভাগ)।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-১)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.minland.gov.bd)

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৯৫৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ / ১০ ডিসেম্বর ২০২৪

পরিপত্র

বিষয়: মাঠ পর্যায়ে সরকারি কর্মচারি কর্তৃক বদলি/কর্মস্থল পরিবর্তনের ক্ষেত্রে তদবির না করা সংক্রান্ত।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মচারিগণ কর্তৃক রাজনৈতিক ব্যক্তিবর্গ, সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সম্মানিত ব্যক্তিবর্গ এবং সরকারি-বেসরকারি ও সামরিক বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাগণের মাধ্যমে বদলি/কর্মস্থল পরিবর্তনের তদবির করা হচ্ছে; যা অনভিপ্রেত এবং সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২০ এবং ৩০ এর সুস্পষ্ট লংঘন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী সরকারি কর্মচারি কর্তৃক এ ধরনের কার্যকলাপ অসদাচরণের সামিল।

০২। এতদ্ব্যতীত, বদলি/তদবির শোনার ফলে এর মূল্যবান কার্যঘণ্টা নষ্ট হয় এবং অফিসের কাজকর্মে মনোনিবেশ করা কষ্টকর হয়ে পড়ে।

০৩। মাঠ প্রশাসনের অধীনে বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মচারিগণ কর্তৃক বর্ণিতরূপে বদলি/কর্মস্থল পরিবর্তনের তদবির না করার জন্য কঠোর সতর্কতা জারি করা হলো।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০৩ এর নির্দেশনা লংঘনকারী সরকারি কর্মচারিদের বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
তারিখ-১০/১২/২০২৪
(এ এস এম সালেহ আহমেদ)
সিনিয়র সচিব
ফোন-+৮৮০২৫৫১০১১৩১
ই-মেইল: secretary@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা;
০২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার.....(সকল);
০৪। জেলা প্রশাসক.....(সকল);

নম্বর- নম্বর-৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৯৫৫/৭৪(১০০০)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ / ১০ ডিসেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):
০১। সচিবপরিষদ সচিব, সচিবপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়;
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, কাঁচাবন, ঢাকা;
০৬। উপদেষ্টার একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৭। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)/উপভূমি সংস্কার কমিশনার (সকল);
০৮। চার্জ অফিসার (সকল);
০৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১০। সহকারী কমিশনার (ভূমি) (সকল);
১১। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৩। অফিস/মাস্টার কপি।

ভূমি সংস্কার বোর্ড
উপ-ভূমি সংস্কার কমিশনার-১ এর দপ্তর
ডায়রী নং.....
তারিখ ২৩.০৬.২৬
শাখা: ১/২/৩/৪/৫/৬ ও হিসাব শাখা
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(মাঠ প্রশাসন-১)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.minland.gov.bd)

ভূমি সংস্কার বোর্ড
চেয়ারম্যান এর কার্যালয়
ডায়রী নং.....
তারিখ ০৮-০৫-২৬
☑ সদস্য (প্রশাসন)
☐ সদস্য (ভূমি ব্যবস্থাপনা)
☐ চেয়ারম্যান এর একান্ত সচিব
২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ স্বাক্ষর

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৪৬

তারিখ: ০৪ জুন ২০২৬

বিষয়: মাঠ পর্যায়ে সরকারি কর্মচারি কর্তৃক বদলী/কর্মস্থল পরিবর্তনের ক্ষেত্রে তদবির না করা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের গত ১০/১২/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৯৫৫ নম্বর স্মারকের দিক নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভূমি সংস্কার বোর্ড
সদস্য (প্রশাসন) মহোদয়ের দপ্তর
ডায়রী নং..১১১১..... তাং ২৮/৫/২৬
ডিএলআরসি-০১/০২/০৩
ম্যানেজার ডি.এন.এ./বি.আর.এ.
সদস্য (প্রশাসন) মহোদয়ের ব্য.সহ.
স্বাক্ষর

সংযুক্তি: ০১ পাতা।

০৪/০৬/২৬

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০১৭২
ই-মেইল: fa1@minland.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড/ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা
০২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার.....(সকল)।
০৪। জেলা প্রশাসক.....(সকল)।

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৪৬/৭৪(১০০০)

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৪ জুন ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। অতিরিক্ত সচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। যুগ্মসচিব (সকল), ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, কাটাবন, ঢাকা।
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (**প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
০৭। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (**মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
০৮। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল)/উপভূমি সংস্কার কমিশনার (সকল);
০৯। চার্জ অফিসার (সকল)।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১১। সহকারী কমিশনার (ভূমি) (সকল)।
০৯। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (**অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**)।
১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, ঢাকা (**সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১১। অফিস/মাস্টার কপি।

ভূমি সংস্কার বোর্ড
সচিব ভূমি সংস্কার বোর্ড
ডায়রী নং...১৫১...
তারিখ ২১.০৬.২৬
স্বাক্ষর

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
উপসচিব